

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৯৭

বিশালগড়, ২৫ মে, ২০২৪

বিশালগড় মহকুমাভিত্তিক নজরুল জন্মজয়ন্তী

বিশালগড় মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে আজ চড়িলাম ব্লকের লীলাদেব স্মৃতি কমিউনিটি হলে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। চড়িলাম ব্লক ও ভারতরত্ন অটলবিহারী বাজপেয়ী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের সহযোগিতায় আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন চড়িলাম ব্লকের বিডিও রূপন দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য মিঠুন রায়, বিশালগড় মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য জিতেন সাহা ও বিদ্যালয়ের প্রধান শিক্ষক মণিময় ভৌমিক। অনুষ্ঠানে অতিথিগণ কাজী নজরুল ইসলামের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন এবং নজরুলের জীবন ও সাহিত্য নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক কাকলি ভৌমিক। অনুষ্ঠানে চড়িলাম ব্লকের বিভিন্ন বিদ্যালয় ও সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সংগীত ও নৃত্য পরিবেশন করেন। অনুষ্ঠানে কবি নজরুলের উপর চিত্র প্রদর্শনীও আয়োজন করা হয়।
